

L-19/2/25

২০২৪

বাংলা

(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী পুরাতন পাঠ্যক্রম)

তৃতীয় সেমিস্টার

কোর্স কোড : BNGH-CC-T-6

(উপন্যাস)

[CBCS]

পূর্ণমান : ৬০

সময় : ২ ঘন্টা ৩০ মিনিট

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 10 = 20$

ক) অমূল্য বিমলাকে কী নামে ডাকত? সে বিমলার কাছে কি খেতে চেয়েছিল?

খ) 'এখন তিনিই আমার সম্পত্তি-তিনিই আমার ভ্রমর-ভ্রমরাধিক ভ্রমর'— কার উক্তি? 'তিনি' বলতে কাকে বোঝানো হয়েছে?

গ) গোবিন্দলাল কীভাবে খুনের মামলা থেকে খালাস পেলেন?

ঘ) রতন ও ছট্টলালের পরিচয় দাও।

ঙ) 'ঘরে বাইরে' উপন্যাসে বিমলা, নিখিলেশ ও সন্দীপের কটি করে আত্মকথা আছে?

- চ) বিমলার মা কেমন দেখতে ছিলেন?
- ছ) 'এফিনিটি' বলতে সন্দীপ কী বুঝিয়েছে?
- জ) মিস্ গিলবি কে? তাকে কেন নিখিলেশের বাড়ি ছাড়তে হয়?
- ঝ) 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসে নিশাকর কে?
- ঞ) নতুনদা থিয়েটারে কী বাজাতো? তার বাড়ি কোথায় ছিল?
- ট) বহরুপীর নাম কি? তার বাড়ি কোথায়?
- ঠ) 'শ্রীকান্ত' উপন্যাসে শাহজী কে? কীভাবে তার মৃত্যু হয়?
- ড) 'কিন্তু ফেরবার পথ বন্ধ হয়ে গেছে, আমাদের দুজনেরই'— কে বলেছে? আমরা কারা?
- ঢ) কৃষ্ণকান্ত কেমন চরিত্রের মানুষ ছিলেন?
- ণ) কী জন্য ইন্দ্র কঁদেছিল?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$

- ক) সন্দীপকে দেওয়ার জন্য বিমলা কোথা থেকে কিভাবে অর্থ সংগ্রহ করে?
- খ) 'সাপুড়ের ঘরে সাপ ঢুকেছে, এ ত বড় আশ্চর্য!'— কে বলেছে? সাপ কি করে ঢুকল? বক্তা এরপর কি করল?
 $১ + ২ + ২ = ৫$
- গ) ঘরে বাইরে উপন্যাসে অমূল্যের ভূমিকার গুরুত্ব সম্পর্কে লেখো।
- ঘ) মেজদা ও তার ভাইয়ের পড়াশুনো কিভাবে চলত লেখো। কে কোন্ ক্লাসে পড়ত?

- ঙ) 'এই বিঠৌরা গ্রামের নামটি কেন আমার মনে আছে'— কেন শ্রীকান্ত নামটি ভুলতে পারেনি? সেখানে কী ঘটে?
- চ) জমিদার হিসেবে নিখিলেশ ও হরিশ কুন্ডুর পার্থক্য নির্ণয় করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$

- ক) 'ঘরে বাইরে' উপন্যাসে সমকালীন রাজনীতি কতখানি গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছে বলে তোমার মনে হয়?
- খ) নিখিলেশ ও সন্দীপের মধ্যে কাকে নায়ক বলে তুমি মনে করো এবং কেন? যুক্তি সহ লেখো।
- গ) 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসে রোহিণী চরিত্র বিশ্লেষণ করো।
- ঘ) শ্রীকান্ত রাজলক্ষ্মীর জটিল সম্পর্কের স্বরূপ বিশ্লেষণ করো।